বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
কোম্পানি সচিবালয়
বোর্ড উপবিভাগ

## কোম্পানির মে/২০২৫ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| বিষয় | : মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী |
| সভার স্থান | : বাপেক্স বোর্ড রুম |
| তারিখ ও সময় | : ১২ মে, ২০২৫ দুপুর ২:৩০ মিনিট |
| সভাপতি | : প্রকৌশলী মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স |
| সভার উপস্থিতি | : পরিশিষ্ট-'ক' |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | কার্যবিবরণী নিশ্চিতকরণ | ব্যবস্থাপনা পরিচালক সভায় উপস্থিত মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তাকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি কোম্পানি সচিবকে অনুরোধ করেন। কোম্পানি সচিব ব্যবস্থাপনা পরিচালকসহ উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি গত ১৭.০৪.২০২৫ তারিখে অনুষ্ঠিত এপ্রিল/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক উক্ত কার্যবিবরণীতে কারো কোন মতামত/সংশোধনের প্রয়োজন আছে কিনা জানতে চান। কোন মতামত না থাকায় সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ কার্যবিবরণীটি নিশ্চিতকরণের পক্ষে একমত প্রকাশ করেন। | (ক) এপ্রিল/২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হলো। | ১। উপমহাব্যবস্থাপক (বোর্ড) |
| ২ | জামালপুর-১ কূপ খনন প্রকল্প | সভায় জামালপুর-১ কূপ হতে নিকটস্থ গ্রিড লাইন পর্যন্ত সঞ্চালন পাইপ লাইন নির্মাণের লক্ষ্যে দাপ্তরিক ব্যয় প্রাক্কলন প্রতিবেদনের অগ্রগতি জানতে চাওয়া হলে মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, জামালপুর-১ কূপের লোকেশন হতে তারাকান্দি ভাল্ব ষ্টেশন পর্যন্ত গ্যাস সঞ্চালন লাইন নির্মাণের রুট সার্ভে প্রতিবেদন দাখিল করা হয়েছে।<br><br>ব্যবস্থাপনা পরিচালক রুট সার্ভে প্রতিবেদনে কত কি.মি. সিডিউলিং এবং কত ইঞ্চি ব্যাসবিশিষ্ট পাইপ বিবেচনা করা হয়েছে জানতে চাইলে মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, ২৭ কি.মি. দৈর্ঘ্য ও ৮ ইঞ্চি ব্যাসের ৮০ সিডিউলের ১০০০ পিএসআই প্রেসার বিবেচনা করে প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। মহাব্যবস্থাপক (উৎপাদন) সভায় জানান যে, জামালপুর-১ কূপ লোকেশন হতে তারাকান্দি ভাল্ব ষ্টেশন পর্যন্ত গ্যাস সঞ্চালন লাইন নির্মাণের দাপ্তরিক ব্যয় প্রাক্কলন প্রতিবেদন প্রস্তুতের জন্য খুব শীঘ্রই কমিটি গঠন করা হবে। সভায় কমিটি গঠনপূর্বক দ্রুত ব্যয় প্রাক্কলন প্রতিবেদন দাখিলের অনুরোধ করা হয়। | (ক) জামালপুর-১ কূপ লোকেশন হতে তারাকান্দি ভাল্ব ষ্টেশন পর্যন্ত গ্যাস সঞ্চালন লাইন নির্মাণের লক্ষ্যে কমিটি গঠনপূর্বক দ্রুত ব্যয় প্রাক্কলন প্রতিবেদন দাখিল করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ৩ | ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপন | প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রসেস প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যে আহবায়িত দরপত্রের বিপরীতে সর্বনিম্ন দরদাতা Process Systems, France এর সাথে চুক্তি সম্পাদিত হয়েছে। প্রকল্পের বর্তমান অগ্রগতি জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, ৮ কিলোমিটার গ্যাস গ্যাদারিং লাইন নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ কার্যক্রম চলমান আছে।<br><br>ব্যবস্থাপনা পরিচালক ভূমি অধিগ্রহণের অগ্রগতি জানতে চাইলে মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, ভোলা জেলার জেলা প্রশাসক অফিস হতে ৪ ধারা নোটিশ ভূমি মালিকদের খুব শীঘ্রই প্রেরণ করা হবে।<br><br>সভায় মহাব্যবস্থাপক (নির্মাণ) ও প্রকল্প পরিচালককে যৌথভাবে ভূমি অধিগ্রহণ কার্যক্রম তদারকির অনুরোধ জানানো হয়। | ক) মহাব্যবস্থাপক (নির্মাণ) ও প্রকল্প পরিচালককে যৌথভাবে ভূমি অধিগ্রহণ কার্যক্রম তদারকি করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। প্রকল্প পরিচালক (ভোলা নর্থ প্রসেস প্ল্যান্ট) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | Drilling Rig ক্রয় | মহাব্যবস্থাপক (প্রকৌশল) সভায় জানান যে, ১০০০ ও ২০০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে টেকনিক্যাল স্পেসিফিকেশন সংক্রান্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুত কাজ চলমান আছে। ব্যবস্থাপনা পরিচালক জানান যে, উক্ত কমিটির প্রতিবেদন দাখিলের সময়সীমা ১০ দিন বৃদ্ধি করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কমিটি প্রতিবেদন দাখিল করবে বলে তিনি আশা প্রকাশ করেন।<br>সভায় প্রকল্পের অগ্রগতি জানতে চাইলে মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, ব্যয় প্রাক্কলন প্রতিবেদন এখনো পাওয়া যায়নি। প্রতিবেদন পাওয়া গেলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।<br>ব্যবস্থাপনা পরিচালক সভায় উপস্থিত সকল কর্মকর্তাগণকে দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, ব্যয় প্রাক্কলন কমিটিসহ অন্যান্য কমিটি অফিস আদেশ জারির ২/১ দিনের মধ্যে সভা আহবান করে প্রতিবেদন দাখিলের একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করবে। | (ক) নতুন ২টি রিগ ক্রয়ের ব্যয় প্রাক্কলন প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে।<br>(খ) ব্যয় প্রাক্কলন কমিটিসহ অন্যান্য কমিটি অফিস আদেশ জারির ২/১ দিনের মধ্যে সভা আহবান করে প্রতিবেদন দাখিলের একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করবে। | ১। সকল মহাব্যবস্থাপক<br>২। সংশ্লিষ্ট কমিটি |
| ৫ | গভীর কূপ খনন প্রকল্প | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, প্রকল্প যাচাই কমিটির সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠনপূর্বক পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে গত ১২.০৫.২০২৫ তারিখে প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান যে, শ্রীকাইল ডিপ-১ ও মোবারকপুর ডিপ-১ কূপ খননের জন্য ঠিকাদার নিয়োগের লক্ষ্যে আহবায়িত দরপত্রের কারিগরি মূল্যায়নে রেসপনসিভ প্রতিষ্ঠানের আর্থিক দরপ্রস্তাব গত ০৮.০৪.২০২৫ তারিখে উন্মুক্ত করা হয়েছে এবং আর্থিক মূল্যায়ন চলমান রয়েছে। সভায় আর্থিক মূল্যায়ন দ্রুত সম্পন্ন করে পর্ষদ সভায় উপস্থাপনের জন্য বলা হয়। | ক) আর্থিক মূল্যায়ন দ্রুত সম্পন্ন করে পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (সংশ্লিষ্ট প্রকল্প) |
| ৬ | সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | বিভাগীয় প্রধান (ভূপদার্থ) জানান যে, সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে সংক্রান্ত গঠিত কমিটির প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। খুব শীঘ্রই প্রতিবেদন দাখিল করা হবে। সভায় দ্রুত প্রতিবেদন দাখিল করার পরামর্শ প্রদান করা হয়। | (ক) কমিটির প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। মহাব্যবস্থাপক (ভূপদার্থ) |
| ৭ | চরফ্যাশন, মনপুরা ও হাতিয়া এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | বিভাগীয় প্রধান (ভূপদার্থ) জানান যে, অর্থায়নের প্রকৃতি নির্ধারণের জন্য ডিপিপি গত ১০.০৪.২০২৫ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগের অনুমোদন পাওয়া গেলে ডিপিপি পুনর্গঠনপূর্বক পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হবে। | (ক) অর্থ বিভাগ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর সাথে সার্বক্ষণিকভাবে যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |
| ৮ | অডিট আপত্তি | নিরীক্ষা উপবিভাগ হতে সভায় জানানো হয় যে, বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের মহাপরিচালককে প্রধান অতিথি ও মূখ্য আলোচক করে গত ২৪.০৪.২০২৫ তারিখে একটি সেমিনার আয়োজন করা হয়েছে। উক্ত সেমিনারের Output/Feedback জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা, ভারপ্রাপ্ত) সভায় জানান যে, বিশেষায়িত প্রতিষ্ঠান হিসেবে বাপেক্স এর কার্যক্রম তাকে অবহিত করা হয়েছে। আশা করা যায় বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করা আরো সহজ হবে এবং অডিট আপত্তি নিষ্পত্তিতে বিশেষ ভূমিকা রাখবে।<br>সভায় কয়টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (অডিট) জানান যে, কোম্পানির ২৯৫টি অডিট আপত্তি রয়েছে।<br>ব্যবস্থাপনা পরিচালক বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করা হয়। | (ক) নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠানের জন্য বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা, ভারপ্রাপ্ত) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | রূপগঞ্জ-১ কূপে ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, রূপগঞ্জ-১ কূপে ওয়ার্কওভার কার্যক্রম বাপেক্স এর নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের জন্য পরিচালক পর্ষদের ৪৯৮তম সভায় অনুমোদিত হয়েছে। জামালপুর-১ কূপ খনন কাজ শেষে রিগ স্থানান্তর করে রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাজ সম্পাদন করা হবে। রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাজ শুরু করার লক্ষ্যে ভান্ডার ও অস্থায়ী ক্যাজুয়াল শেড-এ সংরক্ষিত মালামাল অপসারণ এবং পূর্ত কাজ দ্রুত সম্পন্ন করা প্রয়োজন।<br>সভায় রূপগঞ্জ-১ কূপে ওয়ার্কওভার কার্যক্রম গ্রহণের জন্য ভান্ডার ও অস্থায়ী ক্যাজুয়াল শেড-এ সংরক্ষিত অকেজো মালামাল কাপাসিয়া স্থাপনায় স্থানান্তরের পরামর্শ প্রদান করা হয়। উক্ত কাজ সম্পাদনের জন্য (১) জনাব মোঃ সাইফুদ্দিন, উপমহাব্যবস্থাপক (ভান্ডার) - আহবায়ক (২) জনাব মুহম্মদ জহিরুল ইসলাম, উপমহাব্যবস্থাপক (সেবা)-সদস্য সচিব এবং (৩) জনাব মোঃ শাহরিয়ার বারী, উপমহাব্যবস্থাপক, প্রকৌশল বিভাগ-সদস্য এ ০৩ (তিন) জন কর্মকর্তার সমন্বয়ে একটি কমিটি গঠন করার নির্দেশনা প্রদান করেন। | (ক) রূপগঞ্জ গ্যাসক্ষেত্রের অকেজো মালামাল দ্রুততম সময়ে কাপাসিয়া স্থাপনায় স্থানান্তরের লক্ষ্যে (১) জনাব মোঃ সাইফুদ্দিন, উপমহাব্যবস্থাপক (ভান্ডার)- আহবায়ক (২) জনাব মুহম্মদ জহিরুল ইসলাম, উপমহাব্যবস্থাপক (সেবা)-সদস্য সচিব এবং (৩) জনাব মোঃ শাহরিয়ার বারী, উপমহাব্যবস্থাপক, প্রকৌশল বিভাগ-সদস্য এ ০৩ (তিন) জন কর্মকর্তার সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ১১ | সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় মালামাল সংরক্ষিত আছে। পরিচালক পর্ষদের সভায় এ বিষয়ে কার্যপত্র উপস্থাপন করা হলে তা অনুমোদিত হয়। তিনি আরো জানান যে, সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার কার্যক্রম বিজয়-১১ রিগের মাধ্যমে সম্পাদন করা হবে। তবে, বর্তমানে রিগটির ব্রেক সিস্টেম-এ কিছু ক্রুটি আছে যা খুবই ঝুঁকিপূর্ণ। পূর্বে রিগটির ম্যানুয়াল ব্রেক ছিল যা পরবর্তীতে ব্যবহারকারী বিভাগের অনুরোধে মেকানিক্যাল ব্রেক সিস্টেম-এ রূপান্তর করা হয়। কিন্তু বর্তমানে মেকানিক্যাল ব্রেক সিস্টেম সঠিকভাবে কাজ না করায় হাইড্রোলিক ব্রেক সিস্টেম-এ রূপান্তর করতে হবে। রিগটির উৎপাদনকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা হলে ব্রেক সিস্টেম রূপান্তরের বিষয়ে অনাগ্রহ প্রকাশ করেছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক স্পেসিফিকেশন তৈরির সময় সতর্কতার সাথে করার পরামর্শ প্রদান করেন এবং বাপেক্স এর স্বার্থে ব্যয় প্রাক্কলন, স্পেসিফিকেশন তৈরি, টেন্ডার আহবান, মূল্যায়ন কাজ আরো আন্তরিকতার সাথে করার উপর গুরুত্ব আরোপ করা হয়। | (ক) সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার কার্যক্রম গ্রহণের জন্য বিজয়-১১ এর ব্রেক সিস্টেম সচল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) তিতাস-১৬ ওয়ার্কওভার শেষে দ্রুততম সময়ে সেমুতাং-৬ ওয়ার্কওভার এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>(খ) মহাব্যবস্থাপক (খনন) |
| ১২ | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করা | উপমহাব্যবস্থাপক (এইচএসই) জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রতিনিধিদল বাপেক্স ভবন পরিদর্শন শেষে সুপারিশ সম্বলিত একটি প্রতিবেদন দাখিল করেছে। তিনি আরো জানান যে, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর ব্যতীত বাপেক্স ভবনের প্রতিটি করিডোরে অকেজো মালামাল খুবই ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক সকল বিভগের অকেজো মালামালের তালিকা প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন এবং বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | (ক) বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) সকল বিভগের অকেজো মালামালের তালিকা প্রণয়ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>৩। উপমহাব্যবস্থাপক (এইচএসই) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | বিবিধ | (ক) উপমহাব্যবস্থাপক (সেবা) সভায় জানান যে, বাপেক্স ভবনের বাউন্ডারির বাইরে অস্থায়ী হোটেলের সিলিন্ডার স্থাপন করায় বাপেক্স ভবন ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। মাঝে মাঝে সিলিন্ডারে আগুন লাগার কারণে ভবনের জেনারেটর চালু রাখা ঝুঁকিপূর্ণ হয়ে যায় বিধায় ইতোমধ্যে সিটি কর্পোরেশনকে অবহিত করা হয়েছে এবং স্থানীয় পুলিশ প্রশাসন এর সাথে যোগাযোগ করা হয়েছে। তবে, সার্বিক দিক বিবেচনায় এখনো স্থানীয় থানায় জিডি করা হয়নি। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনের নিরাপত্তার স্বার্থে বাউন্ডারি ওয়াল আরো উঁচু করার পরামর্শ প্রদান করেন। | (ক) (i) বাপেক্স ভবনের বাউন্ডারির বাইরে অস্থায়ী হোটেলের সিলিন্ডার স্থাপন করার বিষয়ে কোম্পানির পক্ষে ব্যবস্থাপক (সিকিউরিটি এন্ড প্রোটোকল) থানায় জিডি করবেন।<br>(ii) বাপেক্স ভবনের নিরাপত্তার স্বার্থে প্রয়োজন অনুযায়ী বাউন্ডারি ওয়াল আরো উঁচু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>৩। ব্যবস্থাপক (সিকিউরিটি এন্ড প্রোটোকল) |
| | | (খ) উপমহাব্যবস্থাপক (নির্মাণ) জনাব তারেক আহমদ সভায় জানান যে, পূর্বে কাপাসিয়ায় তিন তলা বিশিষ্ট ৪৮০০ স্কয়ার ফুট ১টি গোডাউন বা ওয়্যারহাউজ নির্মাণ এর পদক্ষেপ নেয়া হয়েছিল। উক্ত কাজের জন্য ৯ (নয়) কোটি টাকা প্রাক্কলন করা হয়েছিল। সভায় সাইসমিক সার্ভের মালামাল ও কোর স্টোরের মালামাল সংরক্ষণের জন্য কাপাসিয়ায় নতুন গোডাউন বা ওয়্যারহাউজ নির্মাণের জন্য মহাব্যবস্থাপক (ভূপদার্থ), উপমহাব্যবস্থাপক (নির্মাণ), প্রকল্প পরিচালক (২ডি ও ৩ডি সাইসমিক সার্ভে) এবং জিওলজিক্যাল পার্টি চীপ এর সমন্বয়ে একটি ডিজাইন আগামী সমন্বয় সভায় উপস্থাপন করবে। | (খ) প্রয়োজনীর নিরিখে কাপাসিয়ায় নতুন গোডাউন বা ওয়্যারহাউজ নির্মাণের জন্য মহাব্যবস্থাপক (ভূপদার্থ), উপমহাব্যবস্থাপক (নির্মাণ), প্রকল্প পরিচালক (২ডি ও ৩ডি সাইসমিক সার্ভে) এবং জিওলজিক্যাল পার্টি চীপ এর সমন্বয়ে একটি ডিজাইন আগামী সমন্বয় সভায় উপস্থাপন করবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br>৩। প্রকল্প পরিচালক (২ডি ও ৩ডি সাইসমিক সার্ভে)<br>৪। জিওলজিক্যাল পার্টি |
| | | (গ) মহাব্যবস্থাপক (খনন) জানান যে, রাজস্ব বাজেট হতে ২টি কূপ খননের জন্য প্রয়োজনীয় মালামাল ক্রয়ের লক্ষ্যে দরপত্র আহবান করা হয় যা ১৭.০৪.২০২৫ তারিখে উন্মুক্ত করা হয়েছে। দরপত্র মূল্যায়ন কাজ চলমান আছে। | (গ) বাপেক্স এর রাজস্ব বাজেট হতে ন্যূনতম ২টি কূপ খনন ও পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত কূপ সমূহের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল দ্রুত ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়)<br>৩। উপমহাব্যবস্থাপক (স্থানীয় ক্রয়) |
| | | (ঘ) মহাব্যবস্থাপক (প্রকৌশল) সভায় অবহিত করেন যে, প্রাধিকারভুক্ত যে সকল কর্মকর্তারা এখনও সংযুক্ত গাড়ি পাননি তাদের পরিবহন পুল হতে অথবা যে সকল গাড়ি অচল অবস্থায় আছে সে সকল গাড়ি মেরারমত করার জন্য গঠিত কমিটির খসড়া প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। খসড়া প্রতিবেদনটি উপমহাব্যবস্থাপক (সেবা) এর নিকট হস্তান্তর করা হয়েছে। উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, খসড়া প্রতিবেদনটি চূড়ান্ত করার কাজ চলমান আছে। ১ সপ্তাহের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করা হবে বলে আশা প্রকাশ করেন। সভায় গঠিত কমিটির প্রতিবেদন দ্রুত দাখিলের উপর তাগিদ দেয়া হয়। গাড়ী মেরামতের সময় ব্যবহারকারী কর্মকর্তাগণকে স্বশরীরে তদারকির জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়। | (ঘ) (i) কমিটির প্রতিবেদন এক সপ্তাহের মধ্যে দাখিল করতে হবে।<br>(ii) গাড়ী সার্ভিসিং ও মেরামত কাজ ব্যবহারকারী কর্মকর্তাগণ যথাযথভাবে তদারকি করবেন। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| | | (ঙ) মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) বলেন যে, তীব্র গরমের কারণে বাপেক্সের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ দৈনন্দিন দাপ্তরিক কাজ সম্পাদনে খুবই অসুবিধার সম্মুখীন হচ্ছেন। তাই, বাপেক্স ভবনে ফ্লোর ষ্ট্যান্ড/এসি স্থাপন করার বিষয়টি সুবিবেচনার জন্য অনুরোধ করেন। সভায় বাপেক্স ভবনের প্রতিটি ফ্লোরে সরেজমিন পরিদর্শনপূর্বক সুন্দর কর্মপরিবেশ নিশ্চিতের লক্ষ্যে ফ্লোর ষ্ট্যান্ড/এসি স্থাপনের করণীয় নির্ধারণের জন্য একমত প্রকাশ করা হয়। বাপেক্স ভবনের ২/৩টি ফ্লোর নির্মাণের উপর সভায় জোর দেয়া হয়। | (ঙ) (i) বাপেক্স ভবনের প্রতিটি ফ্লোরে সরেজমিন পরিদর্শনপূর্বক স্বাস্থ্যসম্মত কর্মপরিবেশ নিশ্চিতের লক্ষ্যে ফ্লোর ষ্ট্যান্ড/এসি স্থাপনের করণীয় নির্ধারণ করতে হবে।<br>(ii) বাপেক্স ভবনের ২/৩টি ফ্লোর নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>৩। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| | | (চ) সভায় মহাব্যবস্থাপক (খনন) সমন্বয় সভার আলোচ্যসূচিতে রিগের মেরামত ও রক্ষণাবেক্ষণ নামে এজেন্ডা রাখার প্রস্তাব করলে সকল সদস্য তাতে একমত প্রকাশ করেন। | (চ) রিগের যথাযথ পিরিয়ডিক মেইনটেনেন্স এর বিষয়ে প্রতি সভায় আলোচনা করতে হবে। | ১। মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ছ) মহাব্যবস্থাপক (চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়) সভায় অবহিত করেন যে, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়-এ ভারী যানবাহন স্থায়ী সিনিয়র ড্রাইভারগণ চালাতেন। স্থায়ী সিনিয়র ড্রাইভার অবসরে যাওয়ায় অস্থায়ী ড্রাইভারদের দিয়ে চালানোর ফলে ঝুঁকি বেড়ে যায়। তাই তিনি চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়-এ অস্থায়ী ড্রাইভারদের পরিবর্তে ২/৩ জন স্থায়ী সিনিয়র ড্রাইভার পদায়ন করার অনুরোধ করেন। ব্যবস্থাপনা পরিচালক মহাব্যবস্থাপক (প্রশাসন)-কে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার পরামর্শ প্রদান করেন। | (ছ) চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়-এ অস্থায়ী ড্রাইভারদের পরিবর্তে ২/৩ জন স্থায়ী সিনিয়র ড্রাইভার পদায়ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| | | (জ) ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, খুব শীঘ্রই বাপেক্স-এ ৮৩ জন নতুন কর্মকর্তা যোগদান করবেন। উক্ত কর্মকর্তাদের কিভাবে কাজে লাগানো যাবে বা তাদের কিভাবে দ্রুত বাপেক্স এর কার্যক্রম সম্পর্কে অবহিত করা যাবে তার কর্মপরিকল্পনা প্রস্তুতের পরামর্শ প্রদান করেন। | (জ) ৮৩ জন নতুন কর্মকর্তাদের কিভাবে কাজে লাগানো যাবে বা তাদের কিভাবে দ্রুত বাপেক্স এর কার্যক্রম সম্পর্কে অবহিত করা যাবে তার কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)-সহ সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগণ |
| আর কোন বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন। | | | | |

১৫-০৫-২০২৫
প্রকৌশলী মোঃ ফজলুল হক
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)
০১৭৫৫৫৫০২২০
mdbapex@bapex.com.bd

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
১৫ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৯.০০০০.০০০.০৬১.০৬.০০০১.২৫.১২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাব্যবস্থাপক, প্রশাসন বিভাগ , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
২। মহাব্যবস্থাপক, হিসাব ও অর্থ বিভাগ , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
৩। মহাব্যবস্থাপক, পরীক্ষাগার বিভাগ , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
৪। মহাব্যবস্থাপক, খনন বিভাগ , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
৫। মহাব্যবস্থাপক, নির্মাণ বিভাগ , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
৬। মহাব্যবস্থাপক, ওয়েল সার্ভিসেস বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
৭। মহাব্যবস্থাপক, উৎপাদন বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
৮। মহাব্যবস্থাপক, প্রকৌশল বিভাগ , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
৯। মহাব্যবস্থাপক, ভূতাত্ত্বিক বিভাগ , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
১০। মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম) , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
১১। মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট বিভাগ , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
১২। মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), ভূ-পদার্থিক বিভাগ , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
১৩। মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), প্ল্যানিং এন্ড আইসিটি বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।

১৪। উপমহাব্যবস্থাপক, বোর্ড উপবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
১৫। প্রকল্প পরিচালক, ভোলা নর্থ গ্যাস ক্ষেত্রের জন্য ৬০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন প্রসেস প্লান্ট সংগ্রহ ও স্থাপন প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
১৬। উপমহাব্যবস্থাপক, মাড ইঞ্জিনিয়ারিং উপ-বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
১৭। উপমহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), নিরীক্ষা উপ-বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
১৮। উপমহাব্যবস্থাপক, সেবা উপ-বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
১৯। উপমহাব্যবস্থাপক, হেলথ, সেফটি এন্ড এনভায়রনমেন্ট উপবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
২০। ব্যবস্থাপক, এস্টেট, সিকিউরিটি ও প্রটোকল শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
২১। প্রকল্প পরিচালক, ৩ডি সাইসমিক সার্ভে ওভার জকিগঞ্জ এন্ড পাথারিয়া ওয়েস্ট স্ট্রাকচার প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
২২। প্রকল্প পরিচালক, ২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক-৬ বি সাউথ এন্ড ১০ প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
২৩। উপমহাব্যবস্থাপক, এক্সপ্লোরেশন উপবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
২৪। উপমহাব্যবস্থাপক, বৈদেশিক ক্রয় উপবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
২৫। উপমহাব্যবস্থাপক, স্থানীয় ক্রয় উপবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।

১৫-০৫-২০২৫
মোঃ জাকির হোসেন
মহাব্যবস্থাপক